# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

**E-mail** : info@ bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd

চশিবো/পরী-মাধ্য/পরীক্ষক/প্রঃ পরীক্ষক নিয়োগ/২৬/২০০০/ (২) তারিখঃ ২৭..০৩.২০২৬খ্রিঃ

## অনলাইনে (এইচএসসি) পরীক্ষক নিবন্ধন ও তথ্য হালনাগাদ (eTIF) সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কর্মরত শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৬ সনে বা তৎপরবর্তীতে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য পরীক্ষক তালিকায় নতুনভাবে সংযোজন অথবা তথ্য হালনাগাদ কার্যক্রম আগামী ২৯.০৩.২০২৬ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.bise-ctg.gov.bd-এ প্রকাশ করা হয়েছে। ওয়েবসাইট এর Examination Section থেকে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি ডাউনলোড করে তা অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল শিক্ষককে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত নির্দেশনাবলি নিম্নে উল্লেখ করা হলো :

১. যাঁরা ইতোমধ্যে সঠিকভাবে eTIF সম্পন্ন করেছেন তাঁদের নতুন করে অন্তর্ভুক্ত হওয়ার প্রয়োজন নেই। যাঁরা বিগত বৎসর eTIF সঠিকভাবে সম্পন্ন করতে পারেননি তাঁরা এবং যাঁরা বিগত বৎসর eTIF এ যে কোনো কারণে যুক্ত হতে পারেননি তাঁরা নতুন করে eTIF পুরণ করবেন। তবে ইতোমধ্যে eTIF এ যুক্ত শিক্ষকগণ কোনো তথ্য সংশোধন কিংবা পরিবর্তন করতে চাইলে নির্দিষ্ট পাসওয়ার্ড ও NID দিয়ে প্রবেশ করে পূর্বে প্রদত্ত তথ্য হালনাগাদ করতে পারবেন।

২. তথ্যাদি প্রদানের কার্যক্রম ২৯.০৩.২০২৬ থেকে ২০.০৪.২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। যেহেতু জুন ২০২৬ সাল থেকে এইচএসসি পরীক্ষা-২০২৬ আরম্ভ হবে। তাই উল্লিখিত সময় বর্ধিত করার কোনো সুযোগ নেই। উল্লেখ্য, তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে (অস্থায়ী শিক্ষক/অতিথি শিক্ষক/প্রদর্শক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) eTIF-এ অন্তর্ভুক্ত করার বা হালনাগাদ করার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন। সকল শিক্ষকের অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান এ-বিজ্ঞপ্তির ফটোকপি সকল শিক্ষককে বিতরণের ব্যবস্থা করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তাদের অন্তর্ভুক্তির জন্য ব্যবস্থা নিবেন।

৩. eTIF কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বোর্ডের ওয়েব সাইট www.bise-ctg.gov.bd এ গিয়ে eTIF Folder-এ ক্লিক করে Teacher's Panel এর Registration বাটনে ক্লিক করে চাহিত সকল তথ্য প্রদান করে Save বাটনে ক্লিক করলে তথ্য প্রতিষ্ঠান প্রধানের নিকট চলে যাবে এবং সংশ্লিষ্ট শিক্ষক প্রদত্ত মোবাইল নম্বরে একটি ID এবং Password পাবেন, যা ভবিষ্যত ব্যবহারের জন্য তাকে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, eTIF কার্যক্রম শুরু করার পূর্বে নিজের পাসপোর্ট সাইজের ছবি, সকল পরীক্ষা পাশের Marks sheet অথবা Academic transcript, NID, চাকরিতে যোগদানপত্র Scanning করে রাখতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্য eTIF-এ অন্তর্ভুক্ত করলে সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪. প্রতিষ্ঠান প্রধান EIIN ও Password দিয়ে প্রবেশ করে শিক্ষক প্রেরিত তথ্য দেখতে ও Edit (যদি প্রয়োজন হয়) করতে পারবেন। সকল শিক্ষকদের Entry নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করে তিনি ২০.০৪.২০২৬ তারিখের মধ্যে Submit বাটনে ক্লিক করবেন এবং প্রিন্ট করে বোর্ডে নির্ধারিত তারিখের মধ্যে জমা দেবেন।

৫. এইচএসসি স্তরের সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষকদের (অস্থায়ী শিক্ষক/খণ্ডকালীন শিক্ষক/শরীরচর্চা শিক্ষক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) শুধুমাত্র সেই বিষয়ের পরীক্ষক হিসেবে eTIF এ অন্তর্ভুক্ত করতে প্রতিষ্ঠান প্রধান যথাযথ উদ্যোগ নেবেন। শ্রেণীকক্ষে পাঠদান করেন না এমন কোনো বিষয়ে কোনো শিক্ষক eTIF এ অন্তর্ভুক্ত হলে তার দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক সম্মানী দাবী করতে পারবেন না। কারিগরি বোর্ডের আওতায় নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষককে eTIF এ অন্তর্ভুক্ত না করার অনুরোধ করা হল।

৬. উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর প্রতিষ্ঠানে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে যাঁরা ইতোমধ্যে eTIF এ অন্তর্ভুক্ত হয়েছেন এবং যারা eTIF-এ যুক্ত হননি সকলের eTIF-এ অন্তর্ভুক্তি নিশ্চিত করবেন। লক্ষ করা যাচ্ছে বারবার এই বিজ্ঞপ্তি প্রকাশের পরও অনেক প্রতিষ্ঠান প্রধান বিষয়টি তাঁর অধিনস্ত শিক্ষকদের অবহিত করেননি। ফলে অনেক শিক্ষক eTIF-এ অন্তর্ভুক্তি থেকে বিরত রয়েছেন। প্রতিষ্ঠান প্রধানের অনীহাজনিত কারণে কোনো শিক্ষক eTIF এ অন্তর্ভুক্তি হতে বাদ থাকলে তাঁদের বিরুদ্ধে পরীক্ষা বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৭. অতীতের অনেক অপ্রীতিকর ঘটনা, যেমন পরীক্ষক/ প্রধান পরীক্ষক/নিরীক্ষকদের সম্মানী মোবাইল ব্যাংক একাউন্ট হতে আত্মসাৎ হওয়ার প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড এর মাধ্যমে সম্মানী প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই সোনালী বা জনতা যে কোনো একটি ব্যাংকের ১৩ ডিজিটের একাউন্ট নম্বর আবশ্যক। ভুল একাউন্ট নম্বর দেওয়ার কারণে সম্মানী প্রাপ্তিতে কোনো সমস্যা হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখন থেকে মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যমে কোনো সম্মানী প্রেরণ করা হবে না।

৮. প্রতিষ্ঠানের শিক্ষকদের সকল তথ্য ওয়েবসাইটে সন্নিবেশিত করে Submit বাটনে ক্লিক করার পর চূড়ান্ত তালিকা হার্ডকপি প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করার পর উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান ৪০২ নং কক্ষে ২২.০৪.২০২৬ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধির মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সকল শিক্ষকের তথ্য সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা তা যাচাইপূর্বক প্রতিষ্ঠান প্রধানকে স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হল। উত্তরপত্র সঠিকভাবে মূল্যায়নের স্বার্থে প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে eTIF-এ অন্তর্ভুক্তি প্রদান করা প্রতিষ্ঠান প্রধানের জন্য বাধ্যতামূলক।

৯. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল যোগ্য শিক্ষকদের eTIF এ অন্তর্ভুক্ত করানো বাধ্যতামূলক। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪ Email:ce@bise-ctg.gov.bd

CamScanner